



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
বাংলাদেশ।

ডিএমডি সার্কুলার নং: ০১

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১
০২ জুন ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
(শরীয়াহু ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত)

প্রিয় মহোদয়,

সরকারি সিকিউরিটিজ (ট্রেজারি বিল ও বন্ড) এর ব্যবস্থাপনা সংক্রান্ত
Financial Market Infrastructure (FMI) শীর্ষক সিস্টেম চালুকরণ প্রসঙ্গে।

সরকারি সিকিউরিটিজ (ট্রেজারি বিল ও বন্ড) এর অনলাইন লেনদেন সংক্রান্ত ২৬ অক্টোবর ২০১১ তারিখের সার্কুলার নং ডিএমডি-০৬/২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে স্থাপিত Market Infrastructure (MI) মডিউলের মাধ্যমে ট্রেজারি বিল ও বন্ডের নিলাম, রেপো ও সেকেন্ডারি মার্কেট লেনদেনের অনলাইন ব্যবস্থা চালু সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়।

০৩। সরকারি সিকিউরিটিজের নিলাম আন্তর্জাতিক মানের সাথে অধিকতর সঙ্গতিপূর্ণ করা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে প্রদেয় তারল্য সুবিধার ব্যবস্থাপনার উন্নয়ন, সিকিউরিটিজের মূল্য নির্ধারণ অধিকতর বাজারভিত্তিক করা, সিকিউরিটিজে বিনিয়োগ সহজিকরণ করা এবং দেশে সরকারি সিকিউরিটিজের একটি কার্যকর সেকেন্ডারি মার্কেট উন্নয়নের লক্ষ্যে বিদ্যমান MI মডিউলের অনুরূপ Financial Market Infrastructure (FMI) শীর্ষক নতুন সিস্টেম প্রস্তুত করা হয়েছে। FMI সিস্টেমে সরকারি সিকিউরিটিজের নিলাম অনুষ্ঠান এবং রেপো, স্ট্যান্ডিং লিকুইডিটি ফ্যাসিলিটি (স্পেশাল রেপো), স্ট্যান্ডিং ডিপোজিট ফ্যাসিলিটি (রিভার্স রেপো), আন্তঃব্যাংক রেপো, পিডিদের তারল্য সুবিধা প্রদান ও সেকেন্ডারি মার্কেটে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়সহ ডিপোজিটরি সুবিধা অন্তর্ভুক্ত রয়েছে।

০৪। এক্ষণে, সরকারি সিকিউরিটিজ সংক্রান্ত সামগ্রিক কার্যক্রম MI মডিউলের পরিবর্তে FMI সিস্টেমের মাধ্যমে সম্পাদনের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো। এ প্রেক্ষিতে, ২৬ অক্টোবর ২০১১ তারিখের সার্কুলার নং ডিএমডি-০৬/২০১১ এর নির্দেশনা রহিত করা হলো।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(ইস্তেকমাল হোসেন)

পরিচালক (ডিএমডি)

ফোন: ৯৫৩০১৩১